

সাঈদ মাহবুব খান, মহাপরিচালক, দুদক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্মসচিব সাঈদ মাহবুব খান, ২০১৯ সালের ৩০ জানুয়ারি দুর্নীতি দমন কমিশনের মহাপরিচালক হিসেবে যোগদান করেন। তিনি ১৯৭০ সালের জানুয়ারি মাসে ঢাকার এক সন্ত্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি শেরেবাংলানগর সরকারি উচ্চবিদ্যালয় থেকে এস.এস.সি এবং ঢাকা কলেজ থেকে প্রথম বিভাগে এইচ.এস.সি পাশ করেন। পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগ থেকে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন।

তিনি বিসিএস ১৯৯৪ সালের নিয়মিত ব্যাচে (প্রশাসন) ক্যাডারের সদস্য হিসেবে সরকারি চাকুরিতে যোগদান করেন। কর্মজীবনে তিনি সহকারী কমিশনার ও প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট, সহকারি কমিশনার(ভূমি), উপজেলা নির্বাহী কর্মকর্তা, অতিরিক্ত জেলা প্রশাসক, উপপরিচালক স্থানীয় সরকার বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিবসহ বিভিন্ন দায়িত্ব পালন করেছেন। দুর্নীতি দমন কমিশনের মহাপরিচালক পদে যোগদানের পূর্বে তিনি যুব ও ক্রিড়া মন্ত্রণালয়ে যুগ্মসচিব হিসেবে দায়িত্বরত ছিলেন।

বিভিন্ন প্রশিক্ষনে তিনি অস্ট্রেলিয়া এবং ভারতে গমন করেন। এছাড়া স্টাডি ভিজিটের অংশ হিসাবে থাইল্যান্ড, মালয়েশিয়া, ভিয়েতনাম, নিউজিল্যান্ড, সুইডেন, ডেনমার্ক, ফিনল্যান্ডসহ নানা দেশ ভ্রমন করেন।

ব্যক্তি জীবনে তিনি বিবাহিত এবং এক কন্যা সন্তানের জনক।